<u>নির্বাচন অগ্রাধিকার</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd

নং: ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০৪১.২০২০- ৩৪৯ তারিখ- ১৫ চৈত্র ১৪২৭ / ২৯ মার্চ ২০২১ খ্রি.

## নির্বাহী আদেশ

১১ এপ্রিল ২০২১ তারিখে দেশে প্রথম ধাপে ৩৭১টি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশন ০৪ মার্চ ২০২১ তারিখে সময়সূচি ঘোষণা করেছেন। পরবর্তীতে পর্যায়ক্রমে অবশিষ্ট ইউনিয়ন পরিষদসমূহের নির্বাচনের সময়সূচি ঘোষণা করা হবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সরকার জাতির কাছে সাংবিধানিকভাবে দায়বদ্ধ। অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও ভয়ভীতিহীন পরিবেশে উক্ত নির্বাচন অনুষ্ঠানে নির্বাচন কমিশন ইতোমধ্যে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছেন। নির্বাচন কমিশনের এ দায়িত্ব সুচারুরূপে সম্পাদনের জন্য সরকারি অফিস ও সংস্থাসমূহ সকল প্রকার সহযোগিতা করতে আইনতঃ বাধ্য। এই নির্বাচন অনুষ্ঠানে সরকারি সাহায্য-সহযোগিতার পাশাপাশি স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নিকট হতেও প্রয়োজনীয় সাহায্য সহযোগিতা আবশ্যক।

২। নির্বাচনের সময় দেশের সর্বত্র শান্তি-শৃংখলা রক্ষা করা সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের পূর্বশর্ত। নির্বাচনে শান্তি-শৃঙ্খলা রক্ষা করার দায়িত্ব মূলতঃ সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থা/কর্তৃপক্ষের উপর অর্পিত থাকলেও এ ব্যাপারে স্থানীয় জনসাধারণ এবং নেতৃবৃন্দের সাহায্য ও সহযোগিতা একান্ত প্রয়োজন। শান্তি-শৃংখলা রক্ষার এই তাৎপর্যপূর্ণ ভূমিকা পালনের ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদসমূহের দায়িত্ব বিশেষ গুরুত্বপূর্ণ।

৩। উল্লিখিত প্রেক্ষাপটে দেশের সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ আসন্ন ইউনিয়ন পরিষদের নির্বাচনকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নোক্ত দায়িত্ব পালন করবেঃ

(১) স্ব স্ব এলাকায় আইন-শৃংখলা রক্ষার্থে আইন-প্রয়োগকারী সংস্থাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

(২) নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে নির্বাচন কমিশন সময়ে সময়ে যে সব আদেশ/নির্দেশ জারি করেছে কিংবা করবে তা প্রতিপালন;

(৩) নির্বাচনি মিছিল, সভা ও প্রচারণা যাতে অবাধ ও শান্তিপূর্ণ হয় সে দিকে লক্ষ্য রাখা;

(৪) কোন নির্বাচনী অফিস বা প্রতীক বা পোস্টার নষ্ট করার যে কোন প্রচেষ্টারোধে সামাজিক প্রতিরোধ গঠনে সহায়তা করা;

(৫) ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদসমূহে এমন কোন উন্নয়ন স্কীম গ্রহণ ও বাস্তবায়ন করবে না যা ইউনিয়ন পরিষদের নির্বাচনে কোন প্রার্থীর ভোট প্রাপ্তিতে বা প্রচারণার পক্ষে ব্যবহৃত হতে পারে;

(৬) ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদসমূহ কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অনুদান বা অনুদানের প্রতিশ্রুতি দিতে পারবে না যা কোন প্রার্থীর ভোট প্রাপ্তি বা প্রচারণার কাজে প্রভাব বিস্তার করবে;

(৭) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কোন অফিস, যানবাহন এবং অন্যান্য সম্পত্তি কোন প্রার্থীর নির্বাচনের কাজে কোনভাবেই ব্যবহার করা যাবে না। মাশুল পরিশোধ করেও ব্যক্তিগত কাজে কোন যানবাহন ব্যবহার করার অনুমতি দেয়া যাবে না;

(৮) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ কোন প্রার্থীর নির্বাচনি কাজে বা প্রচারণায় অংশগ্রহণ করতে পারবে না;

(৯) ভোটকেন্দ্র নির্মাণসহ নির্বাচনি সংশ্লিষ্ট অন্যান্য সকল কাজে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহায়তা প্রয়োজন হলে স্থানীয় সরকার প্রতিষ্ঠান তা প্রদান করবে;

(১০) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচিত প্রতিনিধিগণ তাদের পদমর্যাদা, সরকারি সুযোগ সুবিধা ইত্যাদি কোন প্রার্থীর নির্বাচনি কাজে ব্যবহার করতে পারবেন না।

৪। উল্লিখিত স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এ আদেশে বর্ণিত দায়িত্ব পালনে ব্যর্থ হলে, শৈথিল্য প্রদর্শন করলে কিংবা অবহেলা করলে উক্ত স্থানীয় সরকার প্রতিষ্ঠানের বিরুদ্ধে সংশ্লিষ্ট অধ্যাদেশ/আইন/বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও সম্পূর্ণ নিরপেক্ষভাবে অনুষ্ঠানের নিমিত্তে ইতোপূর্বে স্থানীয় সরকার বিভাগ হতে জারিকৃত ০২/০৩/২০১৬ তারিখে ২৫৩ নং স্মারকের পুনরাবৃত্তিক্রমে এ পরিপত্র জারি করা হলো।

৬। এ আদেশ জারির তারিখ হতে নির্বাচনের পরবর্তী ১৫ দিন পর্যন্ত বলবৎ থাকবে।

২৯/০৩/২০২১

( হেলালুদ্দীন আহমদ )
সিনিয়র সচিব

প্রাপক,

১) প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল),---------------------------- জেলা পরিষদ।
২) চেয়ারম্যান,.......................উপজেলা পরিষদ, --------------------উপজেলা-----------জেলা।
৩) চেয়ারম্যান,.....................ইউনিয়ন পরিষদ,-----------------------উপজেলা-----------জেলা।

নং: ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০৪১.২০২০-৩৪৯ তারিখ- ১৫ চৈত্র ১৪২৭ / ২৯ মার্চ ২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়
৫. বিভাগীয় কমিশনার..............................(সকল বিভাগ)
৬. উপ-মহাপুলিশ পরিদর্শক, ...............................(সকল)
৭. জেলা প্রশাসক,.....................................(সকল)
৮. পুলিশ সুপার,.........................................(সকল)
৯. সচিব, জেলা পরিষদ...............................(সকল)
১০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার.....................ও আপিল কর্তৃপক্ষ (সংশ্লিষ্ট)
১১. ........................................................ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)।
১২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৯/৩/২১

(মোঃ আকবর হোসেন )
উপসচিব
ফোন: